গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
চট্টগ্রাম বন্দর অধিশাখা
(www.mos.gov.bd)

বিষয়: চট্টগ্রাম-পানগাঁও-চট্টগ্রাম রুটে চলাচলকৃত জাহাজের ভাড়া ও ইনল্যান্ড হলেজ চার্জ সংক্রান্ত ১২-০৪-২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব শাজাহান খান, এম,পি<br>মন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ১২-০৪-২০১৭ খ্রিঃ, বিকাল ৩.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| সভার উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, পানগাঁও আইসিটির সর্বশেষ অগ্রগতি ও আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনের জন্য জনাব আহমেদুল করিম চৌধুরী, টার্মিনাল ম্যানেজার, পানগাঁও আইসিটিকে আহবান করেন। সভায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান, সদস্য (হারবার ও মেরিন), প্রধান অর্থ ও হিসাবরক্ষণ কর্মকর্তা, হারবার মাষ্টার ও টার্মিনাল ম্যানেজার অংশগ্রহণ করেন।

০২। টার্মিনাল ম্যানেজার পানগাঁও আইসিটি প্রতিষ্ঠার পর হতে এ যাবৎ নৌপরিবহন মন্ত্রণালয় ও চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত কার্যক্রমের সংক্ষিপ্ত একটি রূপরেখা তুলে ধরেন। তিনি আরও উল্লেখ করেন যে, বিগত বছরের অক্টোবর মাসে পানগাঁও ট্যারিফ হ্রাসের গেজেট প্রকাশিত হয়। তারপর এ রুটে চলাচলকৃত জাহাজ মালিকদের সাথে মেজর শিপিং লাইনগুলো কমন ক্যারিয়ার এগ্রিমেন্ট স্বাক্ষর করে। অতঃপর চেয়ারম্যান, চবক এর উদ্যোগে সংশ্লিষ্ট সকল শিপিং লাইনের সম্মতিতে একটি অভিন্ন ইনল্যান্ড হলেজ চার্জ নির্ধারণ করা হয়। এরই মধ্যে পানগাঁও আইসিটিতে কন্টেইনার হ্যান্ডলিং কার্যক্রম বৃদ্ধি পেতে শুরু করেছে। ২০১৬ সালের প্রথম তিন মাসের তুলনায় ২০১৭ সালের প্রথম তিন মাসে ৬২২% প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। পানগাঁও আইসিটি হতে রেডিমেড গার্মেন্টস রপ্তানিও শুরু হয়েছে। যদিও সক্ষমতার বিচারে এর ব্যবহার প্রত্যাশিত মাত্রায় বাড়েনি। তিনি আরও উল্লেখ করেন যে, চট্টগ্রাম-পানগাঁও-চট্টগ্রাম রুটে চলাচলকৃত জাহাজের জন্য নির্ধারিত ভাড়া আগামী ৩০ জুন ২০১৭ তারিখে মেয়াদ উত্তীর্ণ হবে এবং একইভাবে উক্ত রুটের জন্য নির্ধারিত ইনল্যান্ড হলেজ চার্জের মেয়াদও একই তারিখে উত্তীর্ণ হবে। উক্ত রুটে জাহাজের ভাড়া বিশেষতঃ রপ্তানি, রিফার ও খালি কন্টেইনারের বিপরীতে ভাড়া কিছুটা কমিয়ে মেয়াদ বৃদ্ধি করলে আরও ইতিবাচক সাড়া পাওয়া যাবে বলে তিনি মতামত প্রদান করেন।

০৩। মাননীয় সংসদ সদস্য, নুর-ই-আলম চৌধুরী সকলকে স্বাগত জানিয়ে তাঁর বক্তব্যে উল্লেখ করেন যে চট্টগ্রাম-পানগাঁও-চট্টগ্রাম রুটে চলাচলকৃত জাহাজকে টাগ সহযোগিতা প্রদান না করেই টাগ চার্জ আদায়ের জন্য বিল করা হচ্ছে। চট্টগ্রাম প্রান্তে মোবাইল হারবাল ক্রেন অচল থাকলে গ্যান্ট্রি বার্থে কাজ করে অতিরিক্ত চার্জ আরোপ করা হচ্ছে। এতে জাহাজ মালিকগণ আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। তিনি এ সকল বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় মন্ত্রীর সদয় দৃষ্টি আকর্ষণ করেন।

০৪। চেয়ারম্যান, চবক, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উল্লেখ করেন যে, পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনালটি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বিগত ৭ নভেম্বর ২০১৩ সালে উদ্বোধনের পর হতে এ টার্মিনালটিতে কর্মচাঞ্চল্য সৃষ্টির লক্ষ্যে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ নিরলস প্রচেষ্টা অব্যাহত রেখেছে। পানগাঁও আইসিটি ট্যারিফের

৭টি আইটেম ও চবক ট্যারিফের ১টি আইটেমে ৫০-৭০ শতাংশ হ্রাস করা হয়েছে। চট্টগ্রাম-পানগাঁও-চট্টগ্রাম রুটে জাহাজ মালিকগণ আগামী ৩০জুন, ২০১৭ পর্যন্ত জাহাজ ভাড়া কমিয়ে দিয়েছেন। সংশ্লিষ্ট মেইন লাইন অপারেটরগণ ইতোমধ্যে বেসরকারি জাহাজ মালিকদের সাথে কমন ক্যারিয়ার এগ্রিমেন্ট স্বাক্ষর করেছে। এ প্রেক্ষাপটে চট্টগ্রাম-পানগাঁও-চট্টগ্রাম রুটে আমদানি ও রপ্তানির জন্য সংশ্লিষ্ট মেইন লাইন অপারেটরদের সম্মতিতে অভিন্ন ইনল্যান্ড হলেজ চার্জ নির্ধারণ করা হয়েছে। বর্তমানে ৩ দিন অন্তর চট্টগ্রাম-পানগাঁও-চট্টগ্রাম রুটে জাহাজ চলাচল করছে। পানগাঁওগামী জাহাজের জন্য চট্টগ্রাম বন্দরের সার্বক্ষণিকভাবে একটি বার্থ নির্ধারণ করে দেয়া আছে। মোবইল হারবার ক্রেন নষ্ট থাকলে পানগাঁওগামী জাহাজের কাজ নিরবচ্ছিন্ন রাখতে গ্যান্ট্রি বার্থে জাহাজের কার্যক্রম সম্পন্ন করে দেয়া হচ্ছে। ইতোমধ্যে এ সকল কর্মকান্ডের ইতিবাচক ফলাফল আসতে শুরু করেছে। তিনি পানগাঁও আইসিটিতে আরও একটি মোবাইল হারবার ক্রেন ডিপিএম পদ্ধতিতে জরুরিভিত্তিতে সংগ্রহ করা হবে। তিনি আগামী ২৭ এপ্রিল ২০১৭ তারিখ বন্দর দিবস উপলক্ষে আয়োজিত পোর্ট এক্সপোতে পানগাঁও আইসিটির জন্য পৃথক একটি স্টল রাখবেন বলে জানান। তিনি পানগাঁও-চট্টগ্রাম রুটে চলাচলকৃত জাহাজকে টাগ সহযোগিতা প্রদান না করেও টাগ চার্জ আদায়ের এবং চট্টগ্রাম প্রান্তে মোবাইল হারবাল ক্রেন অচল থাকলে গ্যান্ট্রি বার্থে কাজ করে অতিরিক্ত চার্জ আরোপের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন বলে তিনি জানান। তিনি আরও উল্লেখ করেন যে, সকল পক্ষ ছাড় দিয়ে পানগাঁও আইসিটি ব্যবহারে এগিয়ে আসলেও টেক্সটাইল সেক্টরের বিশেষত ঢাকা ও পাশ্ববর্তী অঞ্চলের মিল কারখানার মালিকগণ এখনও এগিয়ে আসেননি। ন্যূনতম ৪০% আমদানি বাধ্যতামূলক করার জারিকৃত সার্কুলারটির বিপরীতে কোন আমদানি করা হয়নি। পর্যায়ক্রমে র-কটন ও ক্যাপিটাল মেশিনারির অন্তত ১০% পানগাঁও আইসিটিতে আনয়ণের জন্য বাংলাদেশ টেক্সটাইল মিলসঃ এসোসিয়েশনের এর সাথে পুনরায় আলোচনা শুরু করা যেতে পারে। তিনি ইনল্যান্ড হলেজ চার্জ যাতে সবগুলো শিপিং লাইন যথাযথভাবে প্রতিপালন করে সে ব্যাপারে কার্যকর উদ্যোগ গ্রহণে মার্কস বাংলাদেশ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব শামিম-উল-হক এর দৃষ্টি আকর্ষণ করেন। সর্বোপরি, তিনি পানগাঁও আইসিটিতে আমদানি-রপ্তানি কার্যক্রম বৃদ্ধি করার জন্য আমদানিকারক, রপ্তানিকারক, ফ্রেইট ফরওয়ার্ডার্স্ ও মেইন লাইন অপারেটরদেরকে সমন্বিতভাবে একযোগে কাজ করার অনুরোধ জানান।

০৬। আলোচনায় অংশ নিয়ে মার্কস্ বাংলাদেশ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব শামিম-উল-হক পানগাঁও আইসিটিতে ইতোমধ্যে অর্জিত সাফল্যের প্রশংসা করেন এবং প্রচার-প্রচারণার উপর গুরুত্ব আরোপ করেন। পানগাঁও আইসিটি কর্তৃক গৃহীত বিভিন্ন আধুনিক সুবিধা সম্পর্কে জাতীয় ও আন্তজার্তিক ক্ষেত্রে আমদানিকারক ও রপ্তানিকারকদের মধ্যে সেভাবে পরিচিতি লাভ করেনি। এ বন্দরের বিদ্যমান সুবিধাদি জাতীয় ও আন্তজার্তিক পর্যায়ে ব্যবহারকারীদের কাছে পরিচিত করা প্রয়োজন। এ লক্ষ্যে পানগাঁও আইসিটির সুবিধাদি সম্পর্কে চবক বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে (ফেইসবুক, টুইটার ইত্যাদি) এবং বিভিন্ন প্রিন্ট মিডিয়া ও ইলেক্ট্রনিক মিডিয়ায় আর্কষণীয় বিজ্ঞাপণ তৈরি করে ব্যাপক প্রচার করলে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে আমদানিকারকগণ ও রপ্তানিকারকগণ সম্যক ধারণা পেতে পারেন। জনাব শামীম আরও জানান যে, তাদের প্রতিষ্ঠানের পক্ষ থেকে বিভিন্ন মাধ্যমে এ বন্দর সম্পর্কে প্রচার করা হয়ে থাকে। এ সূত্রে বিভিন্ন কোম্পানি তাদের সাথে যোগাযোগ করছে। পানগাঁও আইসিটির সক্ষমতা ও সুবিধাদি ব্যাপক প্রচার করা হলে আমদানি রপ্তানির ক্ষেত্রে এর উল্লেখযোগ্য ইতিবাচক প্রভাব পড়বে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

০৭। বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডাস এসোসিয়েশন এর পরিচালক (বন্দর ও কাস্টমস্) সৈয়দ মোঃ বখতিয়ার তাঁর বক্তব্যে উল্লেখ করেন যে, দিনের বেলায় ঢাকা শহরে ট্রাক, কাভার্ডভ্যান ও ট্রেইলার চলাচলে নিষেধাজ্ঞা থাকায় পরিবহণ সুবিধা নিশ্চিত করা যাচ্ছে না। তিনি এটিকে একটি বড় বাধা হিসেবে মনে করে এ ব্যাপারে শুধুমাত্র পানগাঁও আইসিটির আমদানি ও রপ্তানি পণ্য পরিবহনের জন্য দিনের বেলায় চলাচলের অনুমোদনের বিশেষ ব্যবস্থা গ্রহণের বিষয়ে ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার সহ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের উপস্থিতিতে একটি সভা আয়োজনের আহবান জানান। এছাড়া, তিনি উল্লেখ করেন যে পানগাঁও এর জন্য রেইট চাইলে

শিপিং এজেন্টগুলো অতিরিক্ত ভাড়া দাবি করেন। তাতে তাদের খরচ বেড়ে যায় এবং তারা পানগাঁও ব্যবহারে নিরুৎসাহিত হন।

০৮। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের পরিচালক (ট্রাফিক) এ ব্যাপারে বলেন যে, কোন শিপিং লাইন বুকিং নিচ্ছে না কিংবা অতিরিক্ত ভাড়া দাবি করছে এ বিষয়ে সুনির্দিষ্ট তথ্যসহ এ জাতীয় কোন অভিযোগ পাওয়া যায়নি। তিনি সুনির্দিষ্ট তথ্যসহ সময়মত চবককে অবহিত করার জন্য অনুরোধ জানান।

০৯। ডেমকো বাংলাদেশের হেড অফ কাস্টমার সার্ভিস জনাব মাসুদুর রহমান এবং এপিএল লজিষ্টিকস্ এর হেড অফ কাস্টমার সার্ভিস জনাব ইউসুফ আলী জনাব শামিম-উল-হক এর বক্তব্যের সাথে একমত পোষণ করে উল্লেখ করেন যে, তাঁরাও পানগাঁও আইসিটি হতে রপ্তানি শুরু করার বিষয়ে বিদেশী ক্রেতাদের ব্যাপক আগ্রহ দেখতে পাচ্ছেন। তাঁরা পানগাঁও আইসিটির সিএফএসএ রপ্তানি পণ্য সংরক্ষণপূর্বক বোঝাই কার্যক্রমের জন্য স্পেস রেন্ট এর আওতায় জায়গা বরাদ্দের জন্য সহসা আবেদন করার কথা উল্লেখ করেন। তাঁরা উভয়ে সপ্তাহে পানগাঁও হতে অন্তত একটি নির্ধারিত দিবসে জাহাজের সেইলিং ফ্রিকুয়েন্সি নিশ্চিত করার আহবান জানান, যাতে উক্ত জাহাজে পরিবাহিত কন্টেইনারগুলো চট্টগ্রাম বন্দরের নির্ধারিত ফিডার জাহাজকে নিশ্চিতভাবে কানেক্ট করতে পারে। চেয়ারম্যান, চবক এ বিষয়ে পরিচালক (ট্রাফিক), টার্মিনাল ম্যানেজার, পানগাঁও আইসিটিকে সংশ্লিষ্টদের সাথে আলোচনা করে তারিখের পরিবর্তে দিবস জরুরিভিত্তিতে নির্ধারণের নির্দেশনা প্রদান করেন। মাননীয় সংসদ সদস্য নুর-ই-আলম চৌধুরী এ প্রসঙ্গে উল্লেখ করেন যে, নির্ধারিত দিবসের আগে আসা জাহাজটি কর্তৃপক্ষের প্রয়োজনে অপেক্ষা করে রপ্তানি পণ্যবাহী কন্টেইনার বোঝাই করে চট্টগ্রাম যাবে। যে জাহাজ নির্ধারিত দিবসের আগে আসবে সে জাহাজ উক্ত সুবিধাপ্রাপ্ত হবে। সেক্ষেত্রে তিনি এ অতিরিক্ত সময় জাহাজ বার্থে থাকার বিপরীতে কোন বার্থ হায়ার চার্জ আদায় না করার পরামর্শ প্রদান করেন।

১০। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১. চট্টগ্রাম-পানগাঁও-চট্টগ্রাম রুটে কন্টেইনারবাহী জাহাজের ভাড়া পুনর্নির্ধারণের করা হল। উক্ত ভাড়া আগামী ১লা মে,২০১৭ হতে কার্যকর হবে এবং আগামী ৩১-১২-২০১৭ খ্রিঃ পর্যন্ত বলবৎ থাকবে। নতুন ধার্যকৃত ভাড়া নিম্নে প্রদত্ত হ'ল।

| ক্র: নং | সাইজ | আমদানি | রপ্তানি | খালি |
|---|---|---|---|---|
| ১. | ২০ ফিট (ভরা)ও ১০ টন পর্যন্ত | মার্কিন ডলার ১০০ | মার্কিন ডলার ১০০ | মার্কিন ডলার ৫০ |
| ২. | ২০ ফিট (ভরা)ও ১৫ টন পর্যন্ত | মার্কিন ডলার ১২০ | মার্কিন ডলার ১২০ | মার্কিন ডলার ৫০ |
| ৩. | ২০ ফিট (ভরা)ও ২০ টন পর্যন্ত | মার্কিন ডলার ১৫০ | মার্কিন ডলার ১৫০ | মার্কিন ডলার ৫০ |
| ৪. | ২০ ফিট (ভরা)ও ২৫ টন পর্যন্ত | মার্কিন ডলার ১৮০ | মার্কিন ডলার ১৮০ | মার্কিন ডলার ৫০ |
| ৫. | ২০ ফিট (ভরা)ও ৩০ টন পর্যন্ত | মার্কিন ডলার ২২০ | মার্কিন ডলার ২২০ | মার্কিন ডলার ৫০ |
| ৬. | ৪০ ফিট (ভরা)ও ৩০ টন পর্যন্ত | মার্কিন ডলার ২৩০ | মার্কিন ডলার ২০০ | মার্কিন ডলার ১০০ |
| ৭. | ৪০ ফিট হাই (ভরা) ও ৩০ টন পর্যন্ত | মার্কিন ডলার ২৮০ | মার্কিন ডলার ২৪০ | মার্কিন ডলার ১১০ |
| ৮. | ৪৫ ফিট হাই (ভরা) ও ৩০টন পর্যন্ত | মার্কিন ডলার ২৯০ | মার্কিন ডলার ২৮০ | মার্কিন ডলার ১২০ |
| ৯. | ২০ ফিট (ভরা) রিফার | মার্কিন ডলার ২০০ | মার্কিন ডলার ২০০ | মার্কিন ডলার ৫০ |
| ১০. | ৪০ ফিট (ভরা) রিফার | মার্কিন ডলার ৩৬০ | মার্কিন ডলার ৩৬০ | মার্কিন ডলার ১০০ |
| ১১. | ৪০ ফিট হাই (ভরা) রিফার | মার্কিন ডলার ৩৬০ | মার্কিন ডলার ৩৬০ | মার্কিন ডলার ১১০ |

২. আগামী ২৫ এপ্রিল ২০১৭ তারিখ চট্টগ্রাম বন্দর দিবস উদ্‌যাপনের পর সুবিধাজনক সময়ে চেয়ারম্যান, চবক সংশ্লিষ্ট মেইন লাইন অপারেটরদের সাথে সভা করে ইনল্যান্ড হলেজ চার্জ পুনর্নির্ধারণের ব্যবস্থা গ্রহণ করবেন।

৩. আগামী ০২ মে ২০১৭ তারিখ বেলা ১২.৩০ ঘটিকায় বিকেএমইএ কার্যালয়ে জনাব সেলিম ওসমান, মাননীয় এমপি এর সভাপতিত্বে অনুষ্ঠেয় ফোকাস গ্রুপ এর সভায় নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, চেয়ারম্যান চবকসহ সংশ্লিষ্ট শিপিং লাইন ও ফ্রেইট ফরওয়ার্ডাস এর প্রতিনিধিগণ যোগদান করবেন।

৪. আগামী ২৭ এপ্রিল ২০১৭ তারিখ বন্দর দিবস উপলক্ষে আয়োজিত পোর্ট এক্সপোতে পানগাঁও আইসিটির জন্য একটি পৃথক স্টলের ব্যবস্থা রাখতে হবে এবং এরপর সুবিধাজনক সময়ে প্রচার-প্রচারণার লক্ষ্যে সংশ্লিষ্ট ট্রেড সংগঠনগুলোকে নিয়ে ঢাকায় একটি রোড শো ও পর্যায়ক্রমে পৃথক পৃথক ফোকাস গ্রুপ নিয়ে আলোচনা ও মতবিনিময় সভার আয়োজন করতে হবে।

৫. পানগাঁও আইসিটি হতে রপ্তানি কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে সপ্তাহে একটি সেইলিং নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের সাথে পরামর্শ করে একটি দিন নির্ধারণ করতে হবে। নির্ধারিত দিবসের আগে আসা জাহাজটি কর্তৃপক্ষের প্রয়োজনে অপেক্ষা করে রপ্তানি পণ্যবাহী কন্টেইনার বোঝাই করে সময়মত চট্টগ্রাম যাবে। যে জাহাজ নির্ধারিত দিবসের আগে আসবে সে জাহাজ উক্ত সুবিধা প্রাপ্ত হবে। সেক্ষেত্রে অতিরিক্ত সময় জাহাজ বার্থে অবস্থানের বিপরীতে কোন বার্থ হায়ার চার্জ আদায় করা যাবে না।

৬. কলকাতা হতে পানগাঁও অভিমুখি সরাসরি পরিবাহিত কন্টেইনারের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিপিং লাইনগুলো প্রযোজ্য ডেঞ্জারার্স কার্গো অবতরণ অনুমতি যাতে ঢাকা হতে নিতে পারেন সে বিষয়ে নৌপরিবহন অধিদপ্তর নৌবাহিনী সদর দপ্তরকে অবহিত করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।

৭. পানগাঁও আইসিটি সম্পর্কে জাতীয় ও আন্তর্জাতিকভাবে ব্যাপক অবহিত/পরিচিত করার লক্ষ্যে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেইসবুক, টুইটার ইত্যাদি) এবং বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় আকর্ষণীয় বিজ্ঞাপণ ব্যাপক প্রচারের যাবতীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

৮. চবকের নিজস্ব অর্থায়নে পানগাঁও আইসিটি হতে হাসনাবাদ পর্যন্ত (রিং রোডসহ) প্রায় ০৫ কিঃ মিঃ সংযোগ সড়কটির দুপাশে দুটি সার্ভিস লেনসহ সড়কটিকে চারলেনে উন্নীত করার লক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে সড়ক ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর উপস্থিতিতে একটি আন্তঃমন্ত্রণালয় সভা করতে হবে।

৯. চলাচলকৃত জাহাজ ও পানগাঁও আইসিটির অগ্নিনিরাপত্তার স্বার্থে অতিরিক্ত ঝুঁকিপূর্ণ কোন হ্যাজার্ডাস পণ্য পানগাঁও আইসিটিতে পরিবহন করা যাবে না।

১০. ঢাকা ও পাশ্ববর্তী অঞ্চলের মিল কারখানাগুলোর কাঁচামাল হিসেবে ব্যবহৃত র-কটন ও ক্যাপিটাল মেশিনারির বার্ষিক আমদানি চালানের অন্তত ১০% পানগাঁও আইসিটির মাধ্যমে আনয়ণের জন্য বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশনের সাথে চবক পুনরায় আলোচনা শুরু করবে।

১১। অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানানোর মাধ্যমে সভার কাজ শেষ করা হয়।

স্বাঃ/-
তারিখঃ ১৭-০৪-২০১৭
(শাজাহান খান, এমপি)
মন্ত্রী
নৌপরিবহন মন্ত্রণালয়।

নং-১৮.০০.০০০০.০২১.১৮.০০৪.১৭-১৪২ তারিখ ঃ ১৭-০৪-২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। জনাব নূর-ই-আলম চৌধুরী, মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ ও সভাপতি, কন্টেইনার শিপ এসোসিয়েশন।
২। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ/ বিআইডব্লিউটিএ।
৩। কমিশনার, কাস্টমস হাউজ পানগাঁও, কেরাণীগঞ্জ, ঢাকা।
৪। টার্মিনাল ম্যানেজার, পানগাঁও আইসিটি, কেরাণীগঞ্জ, ঢাকা।
৫। সভাপতি, বাংলাদেশ ফ্রেইট ফরওয়াডার্স এসোসিয়েশন, অব বাংলাদেশ (বিএএফএফএ) আক্তারুজ্জামান সেন্টার, (৭ম তলা), আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
৬। সভাপতি, বাংলাদেশ শিপিং এজেন্ট এসোসিয়েশন, চট্টগ্রাম স্টক একচেঞ্জ ভবন, শেখ মুজিব রোড, চট্টগ্রাম(এম.এল.ও এর প্রতিনিধিদের মাঝে বহুল প্রচারের জন্য)।
৭। সভাপতি, বাংলাদেশ কন্টেইনার শিপ ওনার্স এসোসিয়েশন, চন্দ্রশীলা সুবাস্তু টাওয়ার (৪র্থ তলা), ৬৯/১,পান্থপথ, গ্রীনরোড, ঢাকা।
৮। ব্যবস্থাপনা পরিচালক, মার্কস বাংলাদেশ লিঃ, প্লট ৭৬/এ, (৫ম তলা), রোড-১১, ব্লক-এম, বনানী, ঢাকা-১২১৩।
৯। ব্যবস্থাপনা পরিচালক, সিএমএ সিজিএমএ বাংলাদেশ লিঃ, ল্যান্ডভিউ সি/সি, ১৪ তলা, গুলশান সার্কেল-২, ঢাকা-১২১২।
১০। ব্যবস্থাপনা পরিচালক, ডেমকো বাংলাদেশ, প্লট ৭৬/এ(৫ম তলা), রোড-১১, ব্লক-এম, বনানী, ঢাকা-১২১৩
১১। ব্যবস্থাপনা পরিচালক, ট্রান্সমেরিন লজিষ্টিকস লিঃ, জাহাঙ্গীর টাওয়ার, ১০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫।
১২। ব্যবস্থাপনা পরিচালক, এপিএল লজিষ্টিকস লিঃ, সুবাস্তু ইমাম স্কায়ার, ৬৫ গুলশান এভিনিউ, ঢাকা।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, কুইনি এন্ড নাগেল, বাড়ি নং-৭৪, রোড নং-১৮এ, ব্লক নং-জে, বনানী, ঢাকা।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, ওয়াক লজিষ্টিকস লিঃ, সাকুরা টাওয়ার (১৩ তলা), ২০ কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী সি/এ, ঢাকা-১২১৩,

<u>অনুলিপিঃ</u>

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (বাণিজ্যিক) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। যুগ্মসচিব (চবক) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৭.৪.১৭
(মোঃ আবদুস ছাত্তার)
উপসচিব
নৌপরিবহণ মন্ত্রণালয়